**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 07-12-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

## CM-Home Guard Day :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, আর্ত মানুষদের সেবায় অসামরিক প্রতিরক্ষা এবং গৃহরক্ষী স্বেচ্ছাসেবকদের অবদান অপরিসীম। গতকাল আগরতলার মনোরঞ্জন দেববর্মা পুলিশ প্যারেড গ্রাউন্ডে ৬৩তম সর্ব ভারতীয় অসামরিক প্রতিরক্ষা ও গৃহরক্ষী দিবস উদযাপন অনুষ্ঠানে তিনি একথা বলেন।

মুখ্যমন্ত্রী বলেন, বর্তমানে ত্রিপুরায় ৫ হাজার জন প্রশিক্ষিত অসামরিক প্রতিরক্ষা স্বেচ্ছাসেবক রয়েছে। রাজ্য সরকার রাজ্যের জনসংখ্যার ১ শতাংশ সিভিল ডিফেন্স স্বেচ্ছাসেবক গঠনের লক্ষ্যমাত্রা নিয়েছে।

*****************************

## Cicular economy in dairy sector :

কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী অমিত শাহ ষণা করেছেন যে সরকার দুগ্ধ ক্ষেত্রে একটি বৃত্তাকার অর্থনীতি মডেল বাস্তবায়নের মাধ্যমে আগামী পাঁচ বছরে গবাদি পশু পালনকারীদের আয় বিশ শতাংশ বৃদ্ধি করার লক্ষ্য নিয়েছে। গুজরাটের সানাদারে বনাস ডেয়ারীর একটি জৈব-সিএনজি এবং সার প্ল্যান্ট উদ্বোধন এবং বনাস ডেইরির একটি অত্যাধুনিক ১৫০ টিপিডি গুঁড়ো দুধ এবং শিশু খাদ্য প্ল্যান্টের ভিত্তিপ্রস্তর স্থাপনের পর গতকাল এক জনসভায় তিনি এই কথা ঘোষণা করেন। বনাস ডেয়ারীর বৃত্তাকার অর্থনীতির সফল বাস্তবায়নের কথা তুলে ধরে,

শ্রী শাহ পুনর্ব্যক্ত করেন যে সরকার ভারতের সমস্ত ডেয়ারিতে এই মডেলটি অনুকরণ করার জন্য কাজ করছে।

*****************************

**BJP -CM:**

বিজেপি নেতা ও মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা সতর্ক করে দিয়ে বলেছেন, বিভ্রান্তি ছড়িয়ে বিভাজন তৈরি করে বা সাম্প্রদায়িক সম্প্রতির বাতাবরন নষ্ট করে রাজনীতি কোনদিন ফলপ্রসূ হবে না। জনজাতিদের সার্বিক উন্নয়নের লক্ষ্যে কাজ করছে বিজেপি নেতৃত্বাধীন রাজ্য সরকার। গতকাল সিমনা বিধানসভা কেন্দ্রের অধীন বড়কাঁঠাল বাজারে আয়োজিত এক সাংগঠনিক কার্মসূচীতে অংশ নিয়ে তিনি ভাষণ দিচ্ছিলেন। বিজেপি'র সিমনা মন্ডলের উদ্যোগে আয়োজিত সভায় মুখ্যমন্ত্রী ডাঃ মানিক সাহা বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে উত্তর পূর্বাঞ্চলে শান্তি প্রতিষ্ঠিত হয়েছে। উপস্থিত ছিলেন জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা, ভারতীয় জনতা পার্টির প্রদেশ সাধারণ সম্পাদক বিপিন দেববর্মা সহ অন্যান্য নেতৃবৃন্দ৷

*****************************

**Tourism Minister :**

পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী গতকাল জিরানীয়ার শচীন্দ্রনগর কলোণীতে কলকাতার নিকো পার্কের আদলে প্রস্তাবিত অত্যাধুনিক ইকো ট্যুরিজম, এডভেনঞ্চার ট্যুরিজম ও ওয়াটার পার্কটির জায়গা পরিদর্শন করেন| সঙ্গে ছিলেন পর্যটন দপ্তরের সচিব উত্তম কুমার চাকমা| পর্যটন মন্ত্রী জানান, পার্কটির কাজ খুব শীঘ্রই চালু শুরু হবে|

*****************************

**Pariksha Pe Charcha :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর অনন্য কর্মসূচি "পরীক্ষা পে চর্চা"র নবম পর্বের আগে MyGov পোর্টালে দেশব্যাপী একটি প্রতিযোগিতা চলছে। অনলাইন বহুনির্বাচনী-প্রশ্ন-ভিত্তিক প্রতিযোগিতাটি আগামী বছরের ১১ই জানুয়ারি পর্যন্ত খোলা থাকবে। ষষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণীর শিক্ষার্থীরা, শিক্ষক এবং অভিভাবকরা এই প্রতিযোগিতায় অংশ নিতে পারবেন। এই কার্যক্রম সম্পন্নকারী সকল নিবন্ধিত অংশগ্রহণকারী MyGov থেকে, একটি অংশগ্রহণের শংসাপত্র পাবেন। ২০২৬ সালের জানুয়ারিতে "পরীক্ষা পে চর্চা" অনুষ্ঠিত হওয়ার কথা।

*****************************

**INDIGO :**

অসামরিক বিমান পরিবহন মন্ত্রক ইন্ডিগোর বিমান সংস্থা যেসমস্ত যাত্রীদের উড়ান বাতিল হয়েছে, কোনরকম বিলম্ব না করে তাদের বিমান ভাড়ার অর্থ পরিশোধ করার নির্দেশ দিয়েছে। মন্ত্রক আজ রাত ৮টার মধ্যে বাতিল বা ব্যাহত সমস্ত উড়ানের যাত্রীদের অর্থ ফেরত প্রক্রিয়া সম্পূর্ণরূপে সম্পন্ন করার নির্দেশ দিয়েছে। বাতিল হওয়ার ফলে ভ্রমণ পরিকল্পনা প্রভাবিত হওয়া যাত্রীদের জন্য কোনও পুনর্নির্ধারণ শুল্ক না নেওয়ার জন্য বিমান সংস্থাকে নির্দেশ দেওয়া হয়েছে। মন্ত্রক স্পষ্ট করে জানিয়েছে, এই প্রক্রিয়ায় কোনও বিলম্ব বা অসম্মতি প্রকাশ করলে, সঙ্গে সঙ্গে ব্যবস্থা গ্রহণ করা হবে।

মন্ত্রক ইন্ডিগোকে আরও নির্দেশ দিয়েছে যাত্রীদের কাছ থেকে আলাদা করা সমস্ত লাগেজ পরবর্তী ৪৮ ঘন্টার মধ্যে যাত্রীর আবাস বা নির্ধারিত ঠিকানায় পৌঁছে দিতে হবে।

*****************************

**N.F. RAILWAY EXTRA COACHES :**

বিমান পরিষেবা ব্যাহত হওয়ার পরিপ্রেক্ষিতে ভারতীয় রেল কর্তৃপক্ষ অতিরিক্ত যাত্রী ভীড় এড়াতে আগরতলা আনন্দ বিহার তেজস রাজধানী এক্সপ্রেস ট্রেনে অস্থায়ী ভিত্তিতে অতিরিক্ত কোচ দেবে| আগামী ৮ই ডিসেম্বর আগরতলা থেকে ২০৫০১ - আগরতলা-আনন্দবিহার এক্সপ্রেস এবং আগামী ১০ই ডিসেম্বর আনন্দ বিহার থেকে ২০৫০২ - আনন্দবিহার-আগরতলা তেজস রাজধানী এক্সপ্রেস ট্রেনে অতিরিক্ত একটি করে এ.সি থ্রি টায়ার কোচ জুড়বে| এন এফ রেলওয়ের পক্ষ থেকে গতকাল এই সংবাদ জানানো হয়েছে|

*****************************

**Blood Donation :**

বাবাসাহেব ড. বি আর আম্বেদকরের ৭০তম মহাপরিনির্বান দিবস উপলক্ষে অল ইন্ডিয়া এস.সি/এস.টি ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের উদ্যোগে এবং ও.এন.জি.সি ত্রিপুরা অ্যাসেটের সহযোগিতায় গতকাল ও.এন.জি.সি'র তেজস্বিনী হলে রক্তদান শিবিরের আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন ও.এন.জি.সি-র অ্যাসেট ম্যানেজার সঞ্জীব কুমার জানজুয়া|

*****************************

**Tobacco Free School :**

তামাকমুক্ত শিক্ষা প্রতিষ্ঠান গড়ার ক্ষেত্রে গোমতী জেলায় উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে। এ পর্যন্ত মোট ২১০টি স্কুলকে তামাকমুক্ত স্কুল এবং পাশ্ববর্তী ১০০ মিটার এলাকাকে তামাকমুক্ত অঞ্চল হিসেবে চিহ্নিত করা হয়েছে। গোমতি জেলা প্রশাসন সুত্রে এখবর জানা গেছে|

*****************************

**Meeting-Janajatiya Morcha :**

খোয়াইয়ে বিজেপির জেলা কার্যালয়ে জনজাতি মোর্চার এক বৈঠক অনুষ্ঠিত হয়| পৌরহিত্য করেন প্রাক্তন সাংসদ রেবতী ত্রিপুরা৷ উপস্থিত ছিলেন জনজাতি মোর্চার জেলা সভাপতি বিশ্বজিত রুপিনী, এম.ডি.সি ভূমিকা নন্দ রিয়াং| বৈঠকে সাংগঠনিক বিষয় নিয়ে আলোচনা করা হয়|

*****************************

**Golf:**

All India Golf Federation-এর উদ্যোগে আজ আগরতলার শালবাগানের Tuskar BSF Golf Course ময়দানে আজ থেকে Golf টুর্নামেন্ট শুরু হচ্ছে| মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ সকালে এই টুর্নামেন্টের উদ্বোধন করবেন|

*****************************

**T-20 Cricket:**

সৈয়দ মুস্তাক আলী টি-২০ জাতীয় ক্রিকেটের গ্রুপের ষষ্ঠ ম্যাচে হেরে গেলো ত্রিপুরা। আমেদাবাদের নরেন্দ্র মোদী স্টেডিয়ামে অনুষ্ঠিত গতরাতের খেলায় উত্তরাখণ্ড ৪ উইকেটে রাজ্যদলকে পরাজিত করে। ফলে মোট ছয় ম্যাচের মধ্যে রাজ্যদল একটি জয় পেলেও বাকী পাঁচটি ম্যাচে পরাজিত হয়।

*****************************

**Weather:**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে আকাশ সাধারণত পরিস্কার থাকবে। সকালের দিকে হালকা কুয়াশা ছিল। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১২.৪ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ২৮ ডিগ্রির কাছাকাছি।

*****************************

*****************************